



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৫৯০/ক/অনুঃ/২০১৫/১৪২

তারিখ: ০৪-০৪-২০২৪ খ্রি.

বিষয়: “নরসিংদী ইনডিপেনডেন্ট কলেজ” এর পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষের ১৮-০৩-২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নরসিংদী জেলার সদর উপজেলাধীন “নরসিংদী ইনডিপেনডেন্ট কলেজ” এর পাঠদানের অনুমতির মেয়াদ ০১-০৭-২০২৪ হতে ৩০-০৬-২০২৭ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো:

আবশ্যিক বিষয়সমূহ	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
মানবিক	পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা
ব্যবসায় শিক্ষা শাখা বিষয়সমূহ	হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, কৃষি শিক্ষা
বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত

শর্তসমূহ:

- আগামী শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা এবং ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক এনটিআরসিএ সনদধারী হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুইলক্ষ টাকা) সব সময় জমা রাখতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ: ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতঃ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- উল্লেখ্য, প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ০৩ (তিন) মাসে কমিটির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
 - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
 - প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৯

অধ্যক্ষ
নরসিংদী ইনডিপেনডেন্ট কলেজ (১৩৭০৮৩)
সদর, নরসিংদী
মেমো নং- ১৪২ (৮)

তারিখ: ০৪-০৪-২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- জেলা প্রশাসক, নরসিংদী
- জেলা শিক্ষা অফিসার, নরসিংদী
- পিএসটি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি

৭.৪.২০২৪

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০৫.০৫.২০২৪